

সেন্ট জোসেফ বিজ্ঞান মেলা

মানুষের কল্যাণে আবিষ্কারের  
নেশায় খুঁদে বিজ্ঞানীরা

নিজস্ব প্রতিবেদক >

সুধু কিছু উদ্ভাবন করে চমকে দেওয়া নয়, চাই যা দেশ ও মানুষের কল্যাণে কাজে লাগে এমন উদ্ভাবন। খুঁদে বিজ্ঞানীদের এমন মহৎ চিন্তাও তো কম চমকের নয়। পরিবেশ বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত বাংলাদেশে বিকল্প বিদ্যুৎ উৎপাদন কিংবা পানির অপচয় রোধে রিমোল কন্ট্রোল পদ্ধতির উদ্ভাবন করে সেই চিন্তাই মেলে ধরল খুঁদে বিজ্ঞানীরা। উদ্ভাবনগুলো দেখে তাই একের পর এক চমকে যান্ত্রিক দর্শনাথীরা। রাজধানীর সেন্ট জোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে এমন চমক জাগানিয়া বিজ্ঞান মেলাই দেখা গেল। গতকাল বৃহস্পতিবার ছিল বিজ্ঞান মেলায় প্রথম দিন। মেলা চলবে তিন দিন। ইশান আবদীন ও নাসিউ ইরতেজা সেন্ট জোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির শিক্ষার্থী। তারা বিজ্ঞান মেলায় অসাধারণ একটি প্রজেক্ট নিয়ে উপস্থিত হয়। তাদের প্রজেক্টের নাম ছিল 'মিনি উইন্ড টারবাইন'। কয়লা ও তেলভিত্তিক যে বিদ্যুৎ উৎপন্ন হয়, এর তুলনায় বাতাস থেকে ৭০-৯০ শতাংশ কম খরচে বিদ্যুৎ উৎপাদন করা যায়। এতে পরিবেশ যেমন দূষণ থেকে রক্ষা পাবে, তার সঙ্গে খরচটাও অনেক কম হবে। চতুর্থ শ্রেণির দুই শিক্ষার্থী তৌহিদ কানরান ও মানাম হাসান 'পরিবেশ দূষণ ও সুন্দরবনের ওপর বিরূপ প্রভাব'

শিরোনামে একটি প্রজেক্ট করেছে। তৌহিদ কানরান বলে, 'কিছুদিন আগে আমাদের সুন্দরবনের পাশে ট্যাংকারডুবির ঘটনায় জীববৈচিত্র্য ও পরিবেশের অনেক ক্ষতি হয়েছে। ওই ধরনের ঘটনায় তেলের প্রভাব যাতে না পড়ে সেই পদ্ধতিই আমাদের প্রজেক্টে দেখানো হয়েছে।' কলকারখানার কালো ধোঁয়া থেকে পরিবেশকে রক্ষা করার জন্য তৃতীয় শ্রেণির শিক্ষার্থী ফায়াজ ও আনাম তৈরি করেছে আদর্শ কারখানার একটি নমুনা এবং গ্রিডহিস ইফেক্ট থেকে গাছপালাকে রক্ষা কিভাবে করা যায়। তৃতীয় শ্রেণির খুঁদে বিজ্ঞানী আজম, আবিদ, তামিনুল ইসলাম কম খরচে লেবু থেকে কিভাবে পরিবেশ রক্ষা করে বিদ্যুৎ উৎপাদন করা যায় তার একটি প্রজেক্ট তৈরি করেছে। ওই তিন খুঁদে বিজ্ঞানী তিনটি লেবুর ভেতরে তিনটি তামার পাত ঢুকিয়ে তারের সঙ্গে যুক্ত করে ছোট বাথ লাগিয়ে আলো জ্বালিয়ে উপস্থিত করে। বিদ্যালয়ের সেন্টটিলা সায়ের স্নাভের চিফ মডারেটর অমিত কুমার বাঁড়ি বলেন, 'এ বছর বিজ্ঞান মেলায় প্রায় ৪০০ শিক্ষার্থী তাদের নিজেদের চিন্তাচেতনায় থেকে ওই প্রজেক্টগুলো তৈরি করেছে। এদের মধ্য থেকে ভালো ও বিজ্ঞানভিত্তিক ১০০ প্রজেক্ট উদ্ভাবক শিক্ষার্থীদের পুরস্কার দেওয়া হবে।'